দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ০৪ এপ্রিল ১৯৯৪
পৃষ্ঠা ... কলাম ...

129

# ডাকসু নির্বাচনে গণতন্ত্রের শুভ সূচনা হয়েছে

--উপাচার্য

মানিকগঞ্জ,৬ই এপ্রিল(জেলা বার্তা পরিবেশকের ফোন)।--- ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান বলেছেন,ডাকসু নির্বাচনে গণতন্ত্রের যে শুভ সূচনা হয়েছে তার ঢেউ এখন দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে লাগছে এবং জাতীয় নির্বাচনেও এর প্রভাব পড়বে।

আজ বিকেলে মানিকগঞ্জের শিবালয় উপজেলার মহাদেবপুর ডিগ্রী কলেজের বার্ষিক সাহিত্য সাংস্কৃতিক সপ্তাহের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি একথা বলেন। তিনি আরো বলেন, স্বার্থান্বেষী কুচক্রী মহলের সকল চক্রান্ত নস্যাৎ করে দেয়া হয়েছে এবং যত শক্তিশালী মহলই হোক না কেন আর কোন দিনও ঢাকা বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস আমদানী করতে পারবে না। তিনি মহাদেবপুর কলেজে ডিগ্রী পরীক্ষার কেন্দ্র এবং ভবিষ্যতে মাষ্টার্স ডিগ্রী খোলার প্রতিশ্রুতি দেন।

মানিকগঞ্জের অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট শাজাহান সিদ্দিকী বীর বিক্রম-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এইঅনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ডঃ আবদুল মান্নান চৌধুরী, কলেজের অধ্যক্ষ মনিরুজ্জামান জেলা প্রশাসক নুরুল আলম খান উপজেলা চেয়ারম্যান মুজিবউদ্দিন আহমদ, প্রাক্তন অধ্যাপক রাশেদ খান,কলেজ ছাত্র সংসদের ভিপি এ আর মাসুদউদ্দিন পিন্টু,অধ্যাপক রতন কুমার সেন, অধ্যাপক আবদুল মান্নান প্রমুখ।

পরে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।